

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৫৯৪

७/ जानाया (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬/৫৪. মৃতের জন্য বিলাপ করলে মৃত ব্যক্তিকে শাস্তি দেয়া হয়।

بَابِ مَا جَاءَ فِي الْمَيِّتِ يُعَذَّبُ بِمَا نِيحَ عَلَيْهِ

আরবী

حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ حُمَيْدِ بْنِ كَاسِبٍ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدِ الدَّرَاوَرْدِيُّ حَدَّثَنَا أَسِيدُ بَنُ أَبِي أُسِيدٍ عَنْ مُوسَى بْنِ أَبِي مُوسَى الْأَشْعَرِيِّ عَنْ أَبِيهِ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ الْمَيِّتُ يُعَذَّبُ بِبُكَاءِ الْحَيِّ إِذَا قَالُوا وَا عَضُدَاهُ وَا كَاسِيَاهُ وَا نَاصِرَاهُ وَا جَبَلَاهُ وَنَحْوَ هَذَا يُتَعْتَعُ وَيُقَالُ أَنْتَ كَذَلِكَ أَنْتَ كَذَلِكَ» قَالَ أَسِيدٌ فَقُلْتُ سُبْحَانَ اللهِ إِنَّ اللهَ يَقُولُ (وَلا تَزِرُ وَازِرَةٌ وِزْرَ أُخْرَى) قَالَ وَيْحَكَ أُحَدِّثُكَ أَنَّ أَبَا مُوسَى حَدَّثَنِي عَنْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فَتَرَى أَنَّ أَبَا مُوسَى كَذَبَ عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم أَوْ تَرَى أَبِي مُوسَى.

বাংলা

২/১৫৯৪। আবৃ মৃসা আল-আশআরী (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ জীবিতদের কান্নার কারণে মৃত ব্যক্তিকে শাস্তি দেয়া হয়, যখন তারা বলেঃ হে আমাদের বাহুদ্বয়, হে আমাদের ভরণপোষণের সংস্থানকারী, হে আমাদের সাহায্যকারী, হে আমাদের পাহাড়সম পরমাত্মীয় ইত্যাদি। তখন তাকে জিজ্ঞেস করা হয়, তুমি কি এরূপ ছিলে? তুমি কি এরূপ ছিলে? আসীদ (রাঃ) বলেন, আমি বললাম, সুবহানাল্লাহ্! আল্লাহ্ মহাপবিত্র। নিশ্চয় আল্লাহ্ বলেছেনঃ "কোন বহনকারী অন্যের বোঝা বহন করবে না" (সূরা ফাতিরঃ ১৮)।

রাবী বলেন, তোমার জন্য দুঃখ হয়। আমি তোমার নিকট আবৃ মূসা (রাঃ)-এর সূত্রে হাদীস বর্ণনা করছি এবং তিনি তা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। তুমি কি মনে করো, আবৃ মূসা (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর উপর মিথ্যা আরোপ করেছেন অথবা তুমি কি মনে করো, আমি আবৃ মূসা (রাঃ)-এর উপর মিথ্যারোপ করছি?

English



It was narrated from Asid bin Abu Asid, from Musa bin Abu Musa Ash'ari, from his father that the Prophet (ﷺ) said:

"The deceased is punished for the weeping of the living. If they say: 'O my strength, O he who clothed us, O my help, O my rock,' and so on, he is rebuked and it is said: 'Were you really like that? Were you really like that?'" Asid said: "I said: 'Subhan-Allah! Allah says: "And no bearer of burdens shall another's burden (35:18)." He said: "Woe to you, I tell you that Abu Musa narrated to me from the Messenger of Allah (ﷺ), and you think that Abu Musa was telling lies about the Prophet (ﷺ)? Or do you think that I am telling lies about Abu Musa?"

ফুটনোট

তিরমিয়ী ১০০৩ মিশকাত ১৭৪৬।

তাহকীক আলবানীঃ হাসান।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন